মেহেরপুরে আরও ২৭ আনসার সদস্যের প্রত্যাবর্তন

সরকারি সিদ্ধান্ত অনুযায়ী মেহেরপুর জেলা পুলিশে কর্মরত আনসার সদস্যদের প্রত্যাবর্তন শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় আজ দ্বিতৃয় পর্বে নিজ ব্যাটেলিয়ানে ফিরে গেলেন আরও ২৭ জন আনসার সদস্য।

আজ বৃহস্পতিবার সকালের দিকে মেহেরপুর পুলিশ লাইন প্রাঙ্গণে আনসার সদস্যদের বিদায় জানানো হয়। এসময় বিদায়ী আনসার সদস্যদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

এসময় বিদায়ী আনসার সদস্যদের ফুলেল শুভেচ্ছা করেন অতিরিক্ত পুলিশ সুপার মোঃ জামিরুল ইসলাম।

এ নিয়ে মোট ৫৪ জন আনসার সদস্য নিজ ব্যাটেলিয়ানে ফিরে গেলেন

মেহেরপুরে দুই হেরোইন সেবন কারীর কারাদণ্ড

মেহেরপুরের কোট পাড়ায় দুই হেরোইন সেবন কারীকে তিন মাসের কারাদণ্ড ও তিনশত টাকা জরিমানা আদায় করা হয়েছে।

মঙ্গলবার রাতে মেহেরপুর মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক শাহজালালের নেতৃত্বে কোটপাড়ায় সুলতান আলী ও নবিরুল ইসলাম কে হিরোইন সেবন করার সময় আটক করা হয়।

এসময় সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলাম সেখানে উপস্থিত থেকে ভ্রাম্যমাণ আদালাত বসিয়ে জিন্নাত আলীর ছেলে সুলতান আলী ও মুজিবনগর উপজেলার ভবেরপাড়া গ্রামের আইয়ুব আলীর ছেলে নবিরুল ইসলাম কে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ২০১৮ এর ৩২ (১) সারণির ১৫ ধারা মোতাবেক সুলতান আলীকে ৩ মাসের কারাদণ্ড ২শ টাকা জরিমানা অনাদায়ে আরও তিন দিনের জেল ও নবিরুলকে ৩ মাসের কারাদণ্ড

১শ টাকা জরিমানা অনাদায়ে আরও তিন দিনের জেল দেয়া হয়েছে।

গাংনীর তেঁতুলবাড়ীয়ায় সে¦চ্ছাসেবক লীগের আলোচনা সভা

গাংনীর তেঁতুল বাড়ীয়া ইউনিয়নের হিন্দা সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আওয়মী সেচ্ছা সেবক লীগের আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার বিকাল ৪ টার সময় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক মোঃ আরিফুল এনাম (বকুল)।

গাংনী উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশারের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন যুগ্ম আহবায়ক মোঃ আরিফুল ইসলাম সোবাহান।

আলোচনা সভায় আরো উপস্থিত ছিলেন ইউনিয়ন আওয়ামী লীগ, যুবলীগ, সে¦চ্ছাসেবক লীগের নেতা ও কর্মীবৃন্দ।

মেহেরপুরে দলীয় সমর্থনে প্রার্থীদের দোড়ঝাপ

করোনা ভাইরাস মহামারির শেষ কবে বিশ্ব জুড়ে এ প্রশ্নের উত্তর এখনো অজানা। এর মধ্যেই দেশে সময় ঘনিয়ে আসছে ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনের।

আইন অনুযায়ী আগামী বছরের মার্চের তৃতীয় সপ্তাহের আগে ইউপি নির্বাচন শুরু করতে হবে, আর শেষ করতে হবে জুনের আগেই। বর্তমানে দেশে ৪ হাজার ৫৭১টি ইউনিয়ন পরিষদ রয়েছে। ২০১৬ সালের ২২ মার্চ,

শুরু হয়ে কয়েক ধাপে ইউনিয়ন পরিষদের নির্বাচন শেষ হয় ঐ বছরের ৪ জুন।

আইন অনুযায়ী কোনো ইউনিয়ন পরিষদের মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ১৮০ দিনের মধ্যে নির্বাচন সম্পন্ন করতে হবে। এই হিসাব অনুযায়ী, আগামী বছরের মার্চে যেসব ইউনিয়ন পরিষদের পাঁচ বছর মেয়াদ হবে, সেসব ইউনিয়ন পরিষদে নির্বাচন সম্পন্ন করতে হবে, এ বছরের সেপ্টেম্বরের শেষ সপ্তাহ থেকে আগামী বছরের মার্চের তৃতীয় সপ্তাহের মধ্যে। আর যেসব ইউনিয়ন পরিষদের মেয়াদ আগামী বছরের জুনের প্রথম দিকেই শেষ হবে, সেসব ইউনিয়ন পরিষদের নির্বাচন শেষ করতে হবে এ বছরের ডিসেম্বরের শেষ সপ্তাহ থেকে আগামী বছরের মে মাসের মধ্যে।

ইউনিয়ন পরিষদের মেয়াদ শেষ ও নির্বাচন শুরুর সম্ভাব্য হিসাব করলে ভোটের এখনো ২ থেকে ১০ মাস বাকি। তবে মেহেরপুরের নবগঠিত দুই ইউনিয়ন মিলে মোট বিশটি ইউনিয়নে এখন থেকেই তোড়জোড় শুরু করে দিয়েছেন সম্ভাব্য চেয়ারম্যান ও সদস্য (মেম্বার) প্রার্থীরা। এই তোড়জোড়ের ব্যাপকতা দেখা যায় এবারের কোরবানির ঈদেও। নির্বাচন সামনে রেখে সম্ভাব্য প্রার্থীদের কেউ কেউ একাধিক গরু জবাই করে বিলি করেছেন এলাকার ভোটারদের মধ্যে। নানা সমীকরণে ভোটের মাঠে প্রভাব-প্রতিপত্তি থাকে এমন ভোটারদের বাড়িতে কেউ কেউ গরু কিনেও পাঠিয়েছেন। এখানেই থেমে থাকছেন না সম্ভাব্য প্রার্থীরা। তাদের তৎপরতা দেখলে মনে হতে পারে, আর কদিন পরেই যেন ভোট। ইউপি নির্বাচন সামনে রেখে বাড়ি, পাড়া-মহল্লা, হাট-বাজার ও রাজনৈতিক কার্যালয়গুলো এখনই প্রায় সরগরম। কোথাও কোথাও শুরু হয়ে গেছে নগদ অর্থের ছড়াছড়ি।

বর্তমান ক্ষমতাসিন দল আওয়ামী লীগের একাধিক প্রার্থী বিভিন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে অংশগ্রহনের ঘোষণা দিয়েছে। এবারের স্থানীয় নির্বাচনে ইতোমধ্যে দেশের অন্যতম বৃহত্তম দল বিএনপিও অংশ গ্রহন করার ঘোষণা দিয়েছে। সেক্ষেত্রে এবারও দলীয় প্রতিকে নির্বাচন হতে পারে। সে লক্ষ্যে কেউ কেউ উভয় দলের উর্দ্ধতন নেতাদের সাথে নিয়মিত যোগাযোগ করারও চেষ্টা করছেন। দলীয় সমর্থন ও মনোনয়ন পাওয়ার জন্য অনেকেই এখন থেকেই লবিং শুরু করেছে কেন্দ্রীয় কার্যালয়ে। অন্য দলের এই তৎপরতা খুব একটা বেশি লক্ষ্য করা না গেলে ক্ষমতাসিন আওয়ামী লীগের একেকটি আসনে একাধিক প্রার্থীর তৎপরতা বেশ চোখে পড়ার মতো।

জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মুজিবনগর উপজেলার বাগোয়ান

ইউনিয়ন পরিষদের বর্তামান চেয়ারম্যান আয়ুব হোসেন আসন্ন নির্বাচনে দলীয় মনোনয়ন পাওয়ার ব্যাপারে শতভাগ আশাবাদ ব্যক্ত করে বলেন, স্থানীয় নির্বাচনে একাধিক প্রার্থী থাকবে। জন সমর্থন পাওয়ার জন্য দোড় ঝাপ করছে অনেকেই। তবে বাংলাদেশ আওয়ামী লীগ স্থানীয় নির্বাচনে যোগ্য প্রার্থীকেই জনপ্রতিনিধিত্ব করার সুযোগ দেবে বলে আমি মনে করি।

তবে এই স্থানীয় নির্বাচনকে কেন্দ্র করে মেহেরপুরে বিএনপি হতাশা প্রকাশ করেছে। নির্বাচন এক তরফা হবে বলেও মন্তব্য করে কুতুবপুর ইউপি চেয়ারম্যান ও ইউনিয়ন বিএনপি’র সভাপতি শহিদুল আলম বলেন, বর্তমানে যে পরিস্থিতি তাতে নির্বাচন করার ইচ্ছে খুব একটা নেই। তবে দলীয় সিদ্ধান্তের উপর নির্ভর করছে। বর্তমান প্রেক্ষাপটে দলীয় প্রতিকে ক্ষমতাসিন দলের বিপক্ষে নির্বাচন করা কঠিন।

স্থানীয় নির্বাচনের বিষয়ে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক বলেন, স্থানীয় নির্বাচনের আমেজ ইতোমধ্যে সব জায়গাতেই লক্ষ্য করা যাচ্ছে। যে যার মত প্রচার প্রচারনা চালিয়ে যাচ্ছে। বিগত নির্বাচনে দলিয় মনোনয়ন দেওয়ার ক্ষেত্রে ইউনিয়ন আওয়ামী লীগ, উপজেলা আওয়ামী লীগ ও জেলা আওয়ামী লীগের সম্বনয়ে গঠিত কমিটি কয়েকজন প্রার্থীদের নামের তালিকা কেন্দ্রে পাঠানো হয়েছিল। কেন্দ্র থেকে যাচাই বাছাই করে যোগ্য প্রার্থীকে দলীয় মনোনয়ন দিয়েছিল। তবে আসন্ন নির্বাচনে আমরা কেন্দ্র থেকে এখনো কোন নির্দেশনা পাইনি।

ক্ষমতাসিন দল আওয়ামী লীগের প্রার্থী হওয়ার জন্য একাধিক ব্যক্তি দোড়ঝাপ করছে, সে তুলনায় বিএনপি’র কোন সাড়া নেই, এ ব্যাপারে জানতে চাইলে সাধারণ সম্পাদক খালেক বলেন, আওয়ামী লীগ একটি বৃহৎ সংগঠন এবং সুসংগঠিত দল। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে উন্নয়নের জোয়ারে ভাসছে দেশ। এই দলের একাধিক প্রার্থী থাকা স্বাভাবিক। তবে এদের মধ্যে থেকে যোগ্য ব্যক্তির হাতেই স্থানীয় নির্বাচনের নৌকা প্রতিক তুলে দেবেন আওয়ামী লীগ সভাপতি শেখ হাসিনা।

মেহেরপুর জেলা বিএনপি’র সহসভাপতি জাভেদ মাসুদ মিল্টন বলেন, বর্তমান সরকারের অধিনে নির্বাচনে বিএনপি প্রার্থীরা নির্বাচনের মাঠে দাঁড়াতে পারবে কিনা সেটা নিয়ে সন্দেহ আছে। বিগত নির্বাচন গুলোতে সচ্ছতা নিয়ে নানা ধরনের প্রশ্ন উঠেছে। এখন দেখা যাক কেন্দ্রীয় সিদ্ধান্ত কি আসে। সে অনুযায়ী স্থানীয় নির্বাচনে আমরা মাঠে থাকবো।

স্থানীয় নির্বাচন প্রসঙ্গে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি আব্দুল হালিম বলেন, আওয়ামী লীগ সরকারের আমলে প্রতিটি নির্বাচন সুষ্ঠ হয়েছে। সব দলের অংশগ্রহনে এবারও স্থানীয় নির্বাচন অনুষ্ঠিত হবে। দলীয় মনোনয়নের ক্ষেত্রে এখনো নির্দেশনা আসেনি। দবে যোগ্য প্রার্থীদের জন্যই সুপারিশ করা হবে।

গাংনীর গাড়াবাড়ীয়াতে সঙ্খরান্তি পালন

গাংনীর গাড়াবাড়ীয়া গ্রামে আমাবশ্যা উপলক্ষে গাড়াবাড়ীয়া উজা গ্রুপের উদ্যেগে সঙ্খরান্তি পালন করা হয়।

বুধবার সন্ধ্যার সময় অনুষ্ঠিত সঙ্খরান্তি অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল মতিন বিশ্বাস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশারত হোসেন, মহিরুল ইসলাম, রশিদুল ইসলাম,মাহাবুল হোসেনসহ অনেকে।

এ বিষয়ে উজা গ্রুপের সরদার কুদ্দুস আলী জানান মানুষ কে সাপে কামড়ালে আমরা বিভিন্ন ধরনের গাছড়া ও আরো কিছু কৌশল ব্যবহারের মাধ্যেমে বিষ নামিয়ে থাকি। আর আমারা অমাবশ্যার সঙ্খরান্তি দিন হিসেবে কিছু রান্না করে মানুষকে খেতে দিই। যার জন্য আমাদের আজকের আয়োজন।

এ বিষয়ে মাহাবুল হোসেন জানান উজা গ্রুপ থাকাতে আমাদের গ্রামে সাপে কামড়ালে ডাক্তারেরর কাছে না গিয়ে উজাদের মাধ্যেমে বিষ নামানো হয় তাই আমাদের সমাজে এদের গুরুত্ব অপরিসীম।

গাংনীতে আত্মকর্মসংস্থানের লক্ষে ছাগী বিতরণ

বাংলাদেশ এনজিও ফাউন্ডেশনের অর্থায়নে পরিচালিত পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতি বাস্তবায়িত “বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তি ও ছাগল বিতরণ প্রকল্প”র আওতায় ১৫টি দরিদ্র পরিবারকে তাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ১টি করে ব্লাক বেঙ্গল ছাগী প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ।

সংস্থার নির্বাহী পরিচালক মুহাঃ মোশাররফ হোসেন সংস্থার বিভিন্ন কার্যক্রম এবং “বিকল্প পন্থায় বিরোধ নিষ্পত্তি ও ছাগল বিতরণ প্রকল্প” সম্পর্কে প্রধান অতিথিসহ সকলকে অবহিত করেন । প্রধান অতিথি সংস্থার বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

মানবতার সেবায় নিয়োজিত বিভিন্ন কার্যক্রম পরিচালনা করায় সংস্থাটির উত্তরোত্তর সমৃদ্ধি কামনা করেন প্রধান অতিথি আর এম সেলিম শাহনেওয়াজ।

অনুষ্ঠিানে আরো উপস্থিত ছিলেন সংস্থার উপ-পরিচালক কামরুজ্জামান সহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা বৃন্দ।

গাংনীর রাজাপুর-খলিসাকুন্ডি ব্রীজ নির্মাণের স্থান পরিদর্শন এমপির

মেহেরপুরের গাংনী উপজেলার মটমুড়া ইউনিয়নের রাজাপুর-খলিসাকুন্ডি গ্রামের মাঝ দিয়ে প্রবাহিত মাথাভাঙ্গা নদীর উপর ব্রীজ নির্মাণের লক্ষে প্রস্তাবিত স্থান পরিদর্শন করলেন গাংনী আসনের সংসদ সদস্য

সাহিদুজ্জামান খোকন।

গতকাল বুধবার বিকালে সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন সঙ্গীয় নেতাকর্মী নিয়ে এলাকা পরিদর্শন করেন এবং ব্রীজ নির্মাণে ব্যাপারে এলাকাবাসীর সাথে কথা বলেন। তিনি বলেন, আপনাদের দির্ঘদিনের দাবি পূরণে খুব দ্রুত সময়ের মধ্যে এই ব্রীজ নির্মাণের ব্যবস্থা করা হবে।

মেহেরপুরের কামদেবপুরে নাইট ফুটবল টুর্ণামেন্টের উদ্বোধন

মেহেরপুর সদর উপজেলা কামদেবপুর ছাত্র উন্নয়ন সংঘের বর্ষপূর্তি উপলক্ষে নাইট ফুটবল টুর্নামেন্ট খেলার আয়োজন করা হয়েছে।

বুধবার রাত সাড়ে ৮টার দিকে কামদেবপুর স্কুল মাঠে এ খেলার উদ্বোধন করা হয়। জেলা যুবলীগের আহ্বায়ক ও মেহেরপুর পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ খেলার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের যুগ্ম সাধারন সম্পাদক জাহাঙ্গীর হোসেন। বক্তব্য রাখেন পৌর প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, জেলা যুবলীগের সদস্য মাহাবুব হাসান ডালিম, জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক মাসুদ রানা প্রমূখ। এসময় উপস্তিত ছিলেন মান্নান আলী, রনি, জাহিদ হাসান, মুজাহিদসহ অনেকে।

এ সময় জেলা যুবলীগের আহ্বায়ক মাহফুজুর রহমান রিটন বলেন, খেলাধুলা মাদক থেকে দূরে রাখে,সকল শ্রেণির মানুষকে একত্রিত করে বিনোদন দেয়।

খেলাধুলা করলে শারীরিক ব্যায়াম হয় এবং মন সতেজ থাকে”। মাদকের ভয়াবহ ছোবল থেকে যুব সমাজকে রক্ষা করতে হলে খেলাধুলার বিকল্প নাই। নিয়মিত খেলাধুলা করলে কোনো ছেলেরাই মাদকে দিকে ধাবিত হতে

পারেনা। সকল যুব সমাজকে খেলাধুলার অভ্যাস গড়ে তুলতে হবে।

উদ্বোধনী খেলায় কামদেবপুর শিশু কিশোর ক্লাব ২ গোলে কামদেবপুর ইয়াং স্টার ক্লাবকে পরাজিত করে। বিজয়ী দলের হাসান আলী ২টি গোল করে।

এই নাইট ফুটবল টুর্নামেন্টে ৬টি দল নিয়ে খেলাটি অনুষ্ঠিত হবে। পরের খেলায় কামদেবপুর স্মৃতিসংঘ ক্লাবকে পরাজিত করে কামদেবপুর শক্তিসংঘ ক্লাব জয়লাভ করে।

মেহেরপুর ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের বিশেষ বর্ধিত সভা

মেহেরপুর সদর উপজেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের নির্বাচন উপলক্ষে বর্ধিত বিশেষ সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার রাতে হালদারপাড়ার ইমারত নির্মাণ কারী অফিস কার্যালয়ে বিশেষ সাধারন সভা অনুষ্ঠিত হয়।

জেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল করিমের সভাপতিত্বে বক্তব্য রাখেন জেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক নওশাদ আলী।

এসময় সভায় উপস্থিত ছিলেন সহ-সভাপতি নুজরুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক বাবু শেখ, সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, কোষাধ্যক্ষ আব্দুল আজিজ, প্রচার সম্পাদক লাভলু শেখ, দপ্তর সম্পাদক মোতালেব, শ্রমিক কল্যাণ সম্পাদক জালাল, সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পাদক খলিল শেখ, নির্বাহী সদস্য মাজেদ আলী, ফিরোজ আলি, আজমত আলী, আজমাইন প্রমুখ।

ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের নির্বাচন কিভাবে সর্ম্পূণ করা যায় সেই বিষয় নিয়ে আলোচনা করেন শ্রমিকনেতারা।

যাদুখালি স্কুল এন্ড কলেজে প্রসংশাপত্রে টাকা নেওয়ার অভিযোগ

মেহেরপুর যাদুখালি স্কুল এন্ড কলেজে এসএসসি পাস করা শিক্ষার্থীদের প্রসংশা পত্র দিয়ে ৫শ টাকা করে নেওয়ার অভিযোগ উঠেছে। এ বিষয়ে সোহরাব হোসেন নামের একটি ফেসবুকে আইডিতে একটি পোষ্ট করা হয়েছে। ফেসবুক পোষ্টটি তুলে ধরা হলো“প্রসংশা পত্র তুলতে ৫শ টাকা। শিক্ষা প্রতিষ্ঠান যখন দূর্নীতি করে আমি তো ভবিষ্যতে দূর্নীতি করবই।

এ বিষয়ে যাদুখালি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ মোস্তাফিজুর রহমান টিপু বলেন, টাকা নেওয়ার বিষয়টি মোটেও সত্য না। পরিক্ষার ফি, বেতন বাবদ টাকা নেওয়া হয়েছে। এজন্য প্রত্যেককেই রশিদ দেওয়া হয়েছে।

মেপ্র